যুগান্তর

10 NOV 2013

20 8

# ঢাবিতে পুলিশের গুলিতে ৭ শিক্ষার্থী আহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের সামনে গত রাতে পুলিশের গুলিতে সাত শিক্ষার্থী আহত হয়েছেন। রাত সাড়ে ১১টার দিকে পুলিশ নির্বিচারে গুলি চালালে ওই সাত শিক্ষার্থী আহত হন। এদের মধ্যে দু'জনের অবস্থা গুরুতর। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ খবর বিশ্ববিদ্যালয়ে ছড়িয়ে পড়লে ছাত্ররা ক্ষোভে ফেটে পড়েন। এ ঘটনায় আহতরা হলেন সাজু (গণিত, চতুর্থ বর্ষ), মাসফুক (পদার্থবিজ্ঞান, তৃতীয় বর্ষ), হাসান (প্রাণিবিদ্যা, তৃতীয় বর্ষ), ফয়সাল (ফার্মেসি, দ্বিতীয় বর্ষ), আমিনুল (পরিসংখ্যান, মাস্টার্স), সাহাদাৎ (পদার্থবিজ্ঞান, চতুর্থ বর্ষ), বুরান (ফার্মেসি, দ্বিতীয় বর্ষ)। জানা যায়, শহীদুল্লাহ হলের গণিত বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী সাজু শনিবার রাত সাড়ে ১১টার দিকে মোটরসাইকেলে চানখাঁরপুল এলাকায় যাওয়ার জন্য যাচ্ছিল। পথে স্থানীয় এক লোকের পায়ে তার মোটরসাইকেলটি ধাক্কা লাগে। তবে দুর্ঘটনায় লোকটি তেমন কোনো আঘাত পাননি। পরে সে লোকটির কাছে ঘটনার জন্য দুঃখ প্রকাশ করেন। কিন্তু স্থানীয় ওই লোকটি তার কথা না শুনে তর্ক করতে থাকে। কথা কাটাকাটির এক পর্যায়ে সাজু তার হলে খবর দিলে সেখান থেকে হল শাখা ছাত্রলীগ সভাপতি আমিনুলের নেতৃত্বে আট-দশজন ঘটনাস্থলে যায়।

তারা সেখানে গিয়ে কিছু বুঝে না ওঠার আগেই পুলিশ তাদের ওপর এলোপাতাড়ি গুলি চালাতে থাকে। এতে বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী হল ছাত্রলীগ সভাপতি আমিনুলসহ সাত জন আহত হয়। এ ঘটনার পর শহীদুল্লাহ হল এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে। শিক্ষার্থীদের ওপর নির্বিচারে পুলিশের গুলিবর্ষণের ঘটনার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনকেই দায়ী করছেন শিক্ষার্থীরা। তাদের অভিযোগ, ইতিপূর্বে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের ওপর পুলিশের গুলি করার ঘটনার সুষ্ঠু বিচার না হওয়ার কারণেই এ ঘটনার পুনরাবৃত্তি ঘটেছে।